

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত পরিচালক এর কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
ঢাকা অঞ্চল, ঢাকা
ল্যাবরেটরী বিল্ডিং, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.dae.dhakadiv.gov.bd

স্মারক নং-১২.১৬.০০০০.০৩৯.২৭.৩২১.১৯- ৭৫৭(২)

তারিখঃ ৬/০৪/২০২৬

বিষয়ঃ জনাব মোঃ মাহমুদুল হাসান, অফিস সহায়ক, উপ-পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কিশোরগঞ্জ এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর অধীনে বিভাগীয় মামলার ২য় কারণ দর্শাও নোটিশ।

যেহেতু, জনাব মোঃ মাহমুদুল হাসান, অফিস সহায়ক, উপ-পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কিশোরগঞ্জ এর বিরুদ্ধে অত্র দপ্তরের স্মারক নং-১২.১৬.০০০০.০৩৯.২৭.৩১৭.১৮-১৬৭৫(২) তারিখ- ০২-১০-২০২২খ্রিঃ মোতাবেক 'সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর অধীন অসদাচরণ ও কার্যত্যাগ এর অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক ১ম কারণ দর্শাও নোটিশ রেজিস্টার্ড ডাকযোগে আপনার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণ করা হয়; এবং

যেহেতু, আপনি জনাব মোঃ মাহমুদুল হাসান, অফিস সহায়ক, উপ-পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কিশোরগঞ্জ নির্ধারিত সময়ের মধ্যে আত্মপক্ষ সমর্থনে কাগজ-পত্রাদিসহ বিভাগীয় মামলায় আনীত অভিযোগের জবাব দাখিল করেন; এবং

যেহেতু, আপনি জনাব মোঃ মাহমুদুল হাসান, অফিস সহায়ক, উপ-পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কিশোরগঞ্জ এর বিরুদ্ধে বিভাগীয় মামলায় আনীত অভিযোগের উপর তদন্ত কার্যক্রম পরিচালনার জন্য অত্র দপ্তরের স্মারক নং- ১২.১৬.০০০০.০৩৯.২৭.৩১৭.১৮-৩৬৬/১(৬) তারিখ- ১৫-০২-২০২৩খ্রিঃ মোতাবেক ০৩ (তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়; এবং

যেহেতু, তদন্ত কমিটির আহ্বায়ক উপ-পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কিশোরগঞ্জ এর স্মারক নং- ১২.১৭.৪৮০০.০৩৯.০৯৯.০৪৯.২৩-১৩২ তারিখ- ০৬-০৩-২০২৩খ্রিঃ মোতাবেক আপনি জনাব মোঃ মাহমুদুল হাসান, অফিস সহায়ক, উপ-পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কিশোরগঞ্জ এর বিরুদ্ধে বিভাগীয় মামলায় আনীত অভিযোগের উপর তদন্ত কার্যক্রম সম্পন্ন করার পর মতামতসহ তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

যেহেতু, তদন্ত প্রতিবেদন অনুযায়ী আপনি জনাব মোঃ মাহমুদুল হাসান, অফিস সহায়ক, উপ-পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কিশোরগঞ্জ এর বিরুদ্ধে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে (তদন্ত প্রতিবেদনের কপি সংযুক্ত)।

সেহেতু, এক্ষণে আপনি জনাব মোঃ মাহমুদুল হাসান, অফিস সহায়ক, উপ-পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কিশোরগঞ্জ এর বিরুদ্ধে আনীত 'সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ধারায় বর্ণিত অসদাচরণ (Misconduct) এবং বিধি ৩(গ) ধারায় বর্ণিত পলায়ন (Desertion) এর অপরাধ প্রমাণিত হওয়ায় কর্তৃপক্ষ একই বিধিমালায় বিধি ৪(৩)(ঘ) মোতাবেক আপনাকে চাকুরী থেকে বরখাস্ত করণের (Dismissal from service) সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

এমতাবস্থায়, আপনি জনাব মোঃ মাহমুদুল হাসান, অফিস সহায়ক, উপ-পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কিশোরগঞ্জ'কে কেন অবিলম্বে চাকুরী থেকে বরখাস্তকরণ করা হবে না তার যুক্তিসংগত কারন ব্যাখ্যাসহ জবাব একই বিধি মালার বিধি ৭(৯) অনুযায়ী পত্র জারীর ৭ (সাত) কর্ম দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে লিখিতভাবে জানানোর জন্য বলা হলো।

এস. এম. সোহরাব উদ্দিন

অতিরিক্ত পরিচালক

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

ঢাকা অঞ্চল, ঢাকা

প্রাপকঃ

ক) বর্তমান ঠিকানাঃ

জনাব মোঃ মাহমুদুল হাসান, অফিস সহায়ক

উপ-পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কিশোরগঞ্জ।

খ) স্থায়ী ঠিকানাঃ

জনাব মোঃ মাহমুদুল হাসান, অফিস সহায়ক

পিতা- মোঃ আলাউদ্দিন, গ্রাম- চরপাড়াতলা, ডাকঘর- তালতলা, উপজেলা- পাকুন্দিয়া, জেলা- কিশোরগঞ্জ।

স্মারক নং-১২.১৬.০০০০.০৩৯.২৭.৩১৭.১৮-

তারিখ-

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কিশোরগঞ্জ।

(এস. এম. সোহরাব উদ্দিন)

অতিরিক্ত পরিচালক

ফোনাঃ ০২২২২২৪২০৫৫